গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা -৬
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় লিংক রোড, ঢাকা

নং- আর-৬/১এম-২/২০০৫ (অংশ)- ১৭৭ তারিখ ঃ ০৫-০৭-২০১৮ খ্রিস্টাব্দ।

প্রাপক ঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
সিএজি ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

**বিষয় ঃ আইন ও বিচার বিভাগের নিয়ন্ত্রণাধীন 'নিবন্ধন পরিদপ্তর'-কে 'নিবন্ধন অধিদপ্তর'-এ উন্নীতকরণসহ অস্থায়ী ভিত্তিতে রাজস্ব খাতে ১২(বার) ক্যাটাগরির মোট ৪৯১(চারশত একানব্বই)টি পদে ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে আইন ও বিচার বিভাগের নিয়ন্ত্রণাধীন 'নিবন্ধন পরিদপ্তর'-কে 'নিবন্ধন 'অধিদপ্তর-'এ উন্নীতকরণসহ অস্থায়ীভাবে রাজস্ব খাতে নিম্নোক্ত ১২ ধরনের মোট ৪৯১ (চারশত একানব্বই)টি পদ সৃজনে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করা হলো ঃ

| ক্রঃ | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল ও গ্রেড | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১. | এডিশনাল আইজিআর | ০১ | টাকা ৫৬৫০০-৭৪৪০০/= (গ্রেড-৩) | |
| ২. | ডিআইজিআর | ০১ | টাকা ৫০০০০-৭১২০০/= (গ্রেড-৪) | |
| ৩. | এআইজিআর | ০৮ | টাকা ৪৩০০০-৬৯৮৫০/= (গ্রেড-৫) | |
| ৪. | হিসাব রক্ষণ কর্মকর্তা | ০১ | টাকা ২২০০০-৫৩০৬০/= (গ্রেড-৯) | |
| ৫. | এসিসটেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ০১ | টাকা ২২০০০-৫৩০৬০/= (গ্রেড-৯) | |
| ৬. | সাঁট-লিপিকার (পিএ) | ০১ | টাকা ১১০০০-২৬৫৯০/= (গ্রেড-১৩) | |
| ৭. | হিসাব রক্ষক | ০১ | টাকা ১০২০০-২৪৬৮০/= (গ্রেড-১৪) | |
| ৮. | উচ্চমান সহকারী | ০১ | টাকা ১০২০০-২৪৬৮০/= (গ্রেড-১৪) | |
| ৯. | ডাটা এন্ট্রি অপারেটর | ০২ | টাকা ৯৩০০-২২৪৯০/= (গ্রেড-১৬) | |
| ১০. | অফিস সহায়ক (এমএলএসএস) | ১০ | সর্বসাকুল্য বেতন ঃ<br>ঢাকা মহানগরী- ১৫,৫৫০/- টাকা<br>অন্যান্য মহানগরী ও সাভার পৌর এলাকা-১৪,৯৫০/- টাকা এবং<br>অন্যান্য এলাকা-১৪,৪৫০/- টাকা | আউট সোর্সিং নীতিমালা, ২০০৮ অনুযায়ী পূরণযোগ্য। |
| ১১. | নিরাপত্তা/নৈশ প্রহরী | ০১ | | |
| ১২. | ঝাড়ুদার (পরিচ্ছন্নতা কর্মী) | ৪৬৩ | | |
| | সর্বমোট = | ৪৯১ | | ৪৭৪টি পদ আউট সোর্সিং-এর মাধ্যমে পূরণযোগ্য। |

০২। 'নিবন্ধন পরিদপ্তর'কে 'নিবন্ধন 'অধিদপ্তর'-এ উন্নীতকরণসহ উপরিউক্ত ১২ ধরনের ৪৯১ (চারশত একানব্বই)টি পদ সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক বিগত ২৬ ফেব্রুয়ারি, ২০১৩ তারিখের ০৫.১৫৪.০২৮.০১.০২.০৪২.২০১২-৬৩ ও ১২ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখের ০৫.১৫৪.০২৮.০১.০২.০৪২.২০১২-৩২নং পত্রমূলে, অর্থ বিভাগ, ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা কর্তৃক বিগত ১১.০৬.২০১৭ তারিখের পত্র নং-০৭.১৫৫.০২৮.১০.০০.০০৬.২০০৬-৩৩৪ এবং বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক বিগত ২০ সেপ্টেম্বর, ২০১৭ তারিখের পত্র নং-০৭.০০.০০০০.১৬৫.১০.০০৫.১৪.৭৬ মূলে সম্মতি জ্ঞাপন করা হয়েছে।

০৩। উপরিউল্লিখিত সম্মতির পরিপ্রেক্ষিতে প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটি কর্তৃক বিগত ১৩.১১.২০১৭ তারিখের স্মারক নং - ০৪.০০.০০০০.৭১১.০৬.০১৭.১৭-৫৯৩ মূলে অনুষ্ঠিত প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় "নিবন্ধন পরিদপ্তর"-কে 'নিবন্ধন "অধিদপ্তর'-এ উন্নীতকরণ এবং রাজস্ব খাতে অস্থায়ীভাবে উল্লিখিত ৪৯১টি পদ সৃজনের সুপারিশ করায় মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রস্তাবটি সদয় অনুমোদিত হয়েছে।

০৪। পদ্ধতিগত আনুষ্ঠানিকতা অনুসরণপূর্বক আইন ও বিচার বিভাগ কর্তৃক "নিবন্ধন পরিদপ্তর"-কে " নিবন্ধন অধিদপ্তর"-এ উন্নীতকরণ সংক্রান্ত প্রজ্ঞাপন ইতোমধ্যে জারি করা হয়েছে।

০৫। 'নিবন্ধন পরিদপ্তর'-এর অনুমোদিত বিদ্যমান পদ এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি 'নিবন্ধন অধিদপ্তর'-এর পদ ও সম্পত্তি হিসেবে গণ্য হবে।

০৬। যে সকল পদ নিয়োগ বিধিতে অন্তর্ভূক্ত নেই সে সকল পদ নিয়োগ বিধিতে অন্তর্ভূক্ত করে নিয়োগ বিধি সংশোধনের প্রয়াজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭। মন্ত্রিপরিষদ বিভাগের ০৩.০৫.২০০৩ তারিখের মপবি/কঃবিঃশা/কপগ-১১.২০০১-১১১ সংখ্যক সরকারি আদেশ মোতাবেক অস্থায়ীভাবে রাজস্বখাতে সৃজিত ৪৭১(চারশত একাত্তর)টি পদ আদেশ জারির তারিখ হতে ০৩(তিন) বৎসর সংরক্ষিত থাকবে এবং পরবর্তীতে প্রচলিত বিধি মোতাবেক পদসমূহ স্থায়ীকরণের পদক্ষেপ গৃহিত হবে।

স্বা- ১১/২/২০১৮

(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৬৬০১০

নং- আর-৬/১এম-২/২০০৫ (অংশ)- ৪৪ তারিখ ঃ ১১-০২-২০১৮ খ্রিস্টাব্দ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রের ০৩(তিন)টি কপি উপ-সচিব, ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৫, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর নিকট প্রেরিত হলো। পৃষ্ঠাঙ্কনপূর্বক একটি কপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা-এর বরাবরে প্রেরণ এবং একটি কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

স্বা- ১১/২/২০১৮

(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৬৬০১০

নং- ০৭.১৫৫.০২৮.১০.০০.০০৬.২০০৬-৪১৮ তারিখ ঃ ২৮-০৬-২০১৮ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিএজি ভবন, সেগুনবাগিচা, ঢাকা-এর বরাবর প্রেরণ করা গেল। এ আদেশ জারিতে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের (ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৫)-এর সম্মতি রয়েছে।

স্বা- ২৮/৬/২০১৮

(বিলকিস জাহান রিমি)
উপ-সচিব
ব্যয় নিয়ন্ত্রণ অধিশাখা-৫
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ফোন ঃ ৯৫৭৬০৩৭

নং- আর-৬/১এম-২/২০০৫ (অংশ)- ১৭৭ তারিখ ঃ ০৫-৭-২০১৮ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। মহাপরিদর্শক, নিবন্ধন, বাংলাদেশ, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গণি রোড, ঢাকা।
০৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিব এর একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৯। অফিস কপি।
১০। গার্ড ফাইল।

৫/৭/২০১৮

(মোঃ আনোয়ারুল হক)
সিনিয়র সহকারী সচিব
ফোন ঃ ৯৫৬৬০১০